



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
(www.bteb.gov.bd)



স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩৩.২৩-৪৭৯

তারিখ : ০৮-০১-২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয় : ২০২২ সনের এইচএসসি (বিএম/বিএমটি)/ এইচএসসি (ভোক)/ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের ১ম বর্ষে পাঠদানকারী উত্তরপত্র পরীক্ষণের জন্য আত্রহী শিক্ষকগণের তালিকা অনলাইনে প্রেরণ প্রসংঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের অধীন এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ সনে অনুষ্ঠিত এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের ১ম বর্ষের উত্তরপত্র মূল্যায়ন/নিরীক্ষণ/প্রধান পরীক্ষকের কাজ করতে ইচ্ছুক শিক্ষকগণকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.bd) এর প্রদর্শিত তথ্য ছক মোতাবেক প্রয়োজনীয় তথ্যাবলী পূরণ করে আগামী ১৬-০১-২০২৩ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যে সকল শিক্ষক ইতোমধ্যেই ২০২২ সালের ২য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার উত্তরপত্র পরীক্ষণ, নিরীক্ষণ ও প্রধান পরীক্ষকের দায়িত্ব পালন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

উল্লেখ্য যে, কোন শিক্ষক বর্তমানে কর্মরত না থাকলে, ইতোমধ্যেই ২০২২ সনের ২য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন/নিরীক্ষণ/প্রধান পরীক্ষকের দায়িত্ব পালন করে থাকলে অথবা ভুল তথ্য দিয়ে উত্তরপত্র মূল্যায়ন করতে চাইলে তার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। এছাড়া পরীক্ষক হিসেবে বোর্ড কর্তৃক মনোনীত হওয়ার পর পরীক্ষককে অবশ্যই কর্মরত প্রতিষ্ঠানের প্যাডে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।


৮/১/২০২৩

(মোঃ কেপায়েত উল্লাহ)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা


০২-৫৫০০৬৫২৫

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৩৩.২৩-৪৭৯(৮)

তারিখ : ০৮-০১-২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ঢাকা।
- ২। বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
- ৫। সংশ্লিষ্ট নথি।


৮-১-২০২৩

(মোঃ সুলতান হোসেন)

উপ পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন-০২-৫৫০০৬৫২৯